



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর নিম্নবর্ণিত অস্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম, পদ সংখ্যা ও জাতীয় বেতন স্কেল-২০১৫	বয়সসীমা
১। সহকারী অধ্যাপক (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) : তড়িৎ ও ইলেকট্রিক কৌশল বিভাগ-১টি পদ। বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/-	সর্বোচ্চ ৪০ বৎসর
<p>ক) উক্ত পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ওয়েব সাইট <a href="http://www.cuet.ac.bd">www.cuet.ac.bd</a> থেকে সংগ্রহ করা যাবে।</p> <p>খ) উক্ত পদের জন্য ৫০০/- টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।</p> <p>গ) উক্ত পদের আবেদনকারীর ৭ (সাত) সেট দরখাস্ত দরখাস্ত আগামী ২৮/০২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।</p> <p>ঘ) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বর্ণিত বয়সসীমা প্রযোজ্য নয়।</p> <p>ঙ) শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীদের বয়সসীমা শিথিল যোগ্য।</p>	
<p>(প্রফেসর ড. ফারুক-উজ্জ-জামান চৌধুরী) রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।</p>	

স্মারক নং-চুয়েট/রেজিঃ/পার/নিয়োগ-১০/৩৩৯(১০)

তারিখঃ ০৬/০২/২০১৯ খ্রিঃ।

অনুলিপি প্রেরিত হলঃ-

- ১। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
- ২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-আপনার প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধ সহকারে।
- ৩। সকল বিভাগ/অফিস প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়। উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, শর্তাবলী, যোগ্যতা ও অভিজ্ঞতা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অর্ন্তভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৫। ডেপুটি রেজিস্ট্রার (কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট), চুয়েট।
- ৬। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষক সংশ্লিষ্ট), চুয়েট।
- ৭। পিএস-টু-ভিসি, চুয়েট-ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৮। সহকারী রেজিস্ট্রার (উপাচার্যের দপ্তর), চুয়েট। উল্লেখিত বিজ্ঞপনটি আগামী ২/১ দিনের মধ্যে ২টি জাতীয় পত্রিকায় এবং ১টি স্থানীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ৯। সকল বিজ্ঞপ্তিফলক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।

(প্রফেসর ড. ফারুক-উজ্জ-জামান চৌধুরী)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

-ঃ শিক্ষক পদে (Teaching post) আবেদন করার শর্তাবলী ঃ-

- ১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং শিক্ষক পদের জন্য নির্ধারিত CV Format-এ দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত MPQ ও অন্যান্য সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।
- ২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সকল স্তরের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপিসহ সহকারী অধ্যাপক পদের জন্য ৭ (সাত) সেট দরখাস্ত আগামী ২৮/০২/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।
- ৩। আবেদনপত্রের সহিত ৫০০/- (পাঁচশত) টাকার শুধুমাত্র সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি.শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে “রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম”-এর বরাবরে জমা দিতে হবে।
- ৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র গ্রহণের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরণের যে কোন মাধ্যমের আবেদন গ্রহণ যোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণ যোগ্য হবে না।
- ৫। কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ৬। বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত দেশের ভিতরে বা বাহিরে অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের Equivalence কমিটির মাধ্যমে সমতা যাচাই পূর্বক জমা দিতে হবে। বাংলা/ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষার সার্টিফিকেটের সঙ্গে ইংরেজি (Authorized) Translated কপি সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে।

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।